[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

হরিণাকুন্ডুতে জসিম হত্যার আসামী গ্রেপ্তার

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার কাপাশাটিয়া ইউনিয়নের ভালকী গ্রামের নবীছদ্দীনের ছেলে জসিম উদ্দীন (৩৫)নামের এক ব্যাক্তির হত্যার ঘটনাকে কেন্দ্র করে সংবাদ সম্মেলন করছেন হরিণাকুণ্ডু থানা পুলিশ।

আজ শুক্রবার (১৮ নভেম্বর) সকাল ১১ ঘটিকায় হরিণাকুণ্ডু থানাতে হত্যার ঘটনার বিস্তারিত তুলে ধরে সংবাদ সম্মেলনের মাধ্যমে সাংবাদিকদের ব্রিফিং করেন,থানা অফিসার ইনচার্জ মোহাম্মদ সাইফুল ইসলাম। জসিম উদ্দীন দ্বীর্ঘ্য দিন ধরে বিভিন্ন নারীর সাথে মেলামেশা করার কারণে নিহতের স্ত্রীর মনের মধ্যে প্রতিশোধের নেশা জন্ম হয়। এক পর্যায়ে স্ত্রী রিতা খাতুন একই গ্রামের জালাল মণ্ডলের ছেলে মালেকের সাথে যোগাযোগ করে স্বামী জসিম উদ্দীনকে হত্যার শড়যন্ত্র করে।

সুযোগ বুঝে গত ১৬ নভেম্বর মালেক ও রিতা খাতুন তাকে দুধের সাথে ঘুমের ঔষধ খাওয়ালে স্বামী জসিম অবচেতন হয়ে যায়। পরবর্তীতে তাকে টেনে হিচড়ে বাড়ির পার্শের মেহগনি বাগানে নিয়ে গিয়ে গলায় দড়ি প্যাঁচিয়ে শ্বাসরুদ্ধ করে হত্যার ঘটনা ঘটায় বলে জানান এই শীর্ষ কর্মকর্তা। আলামত হিসেবে ঘটনাস্থলে পড়ে থাকা দড়ি ও টিশার্ট পাওয়া গেছে। হত্যার ১৩ ঘন্টার মধ্যেই আসামী গ্রেপ্তারে সক্ষম হয় থানা পুলিশ। গ্রেপ্তারকৃতদের ৩০২/৩৪ প্যানাল কোডে, ৬ নং মামলা রুজু করে জেল হাজতে প্রেরণ করা হয়।

এ সময়ে সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন,থানা সেকেণ্ড অফিসার এস আই দিপ্তেশ রায়, এস আই অনিশ,ও এস আই রেজওয়ান। এছাড়াও উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডুতে কর্মরত সকল ইলেক্ট্রনিকস ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ সহ আরও অনেকেই।

কোটচাঁদপুরে বিষপানে কিশোর আব্দুল গণি মৃত্যু

বিষপানের ১২ দিন পর মৃত্যুর কোলে ঢলে পড়লেন আব্দুল গণি(১৫)। শুক্রবার সকালে কোটচাঁদপুরের সাবদারপুর নিজ বাড়িতেই মারা যায় সে।

মৃতের বড় ভাই আরজু রহমান বলেন,আমার কাছে মোবাইল কিনে দেওয়ার কথা বলে। আমি তাঁর কাছে ১০ দিনের সময় চেয়ে নিই। এরমধ্যে গেল ৭ নভেম্বর ঘাস পোড়া বিষপান পান করেন আব্দুল গনি (১৫)। জানতে পেরে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

৩ দিন চিকিৎসার পর,তাকে যশোর আড়াইশ শয্য হাসপাতালে রেফার্ড করেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক। পরে গনিকে চিকিৎসা করিয়ে বাড়িতে আনা হয়। এরপর আরো একটু উন্নত চিকিৎসার জন্য, তাকে রাজশাহী মেডিকেলে নিয়ে গিয়ে ডাক্তার দেখিয় বাড়ি এনে রাখি। বৃহস্পতিবার ভোর অবস্থা খারাপ হয়ে যায়। শুক্রবার সকাল ৭ টার সময় সে মারা যায়।

আব্দুল গণি কোটচাঁদপুর উপজেলার সাবদারপুর স্টেশন পাড়ার মৃত আব্দুর রহমানের ছেলে। বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার সাবদারপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) ফিরোজ ইকবাল বলেন,মৃতের সুরত হাল করে, লাশ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে। কোটচাঁদপুর থানায় এ সংক্রান্ত অপমৃত্যুর মামলা হয়েছে।

শৈলকুপায় আ.লীগের দুই গ্রুপে

সংঘর্ষ, আহত ১০

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছে। মঙ্গলবার (১৫ নভেম্বর) সকালে উপজেলার বগুড়া ইউনিয়নের শিতালী বাজারে এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, গত রোববার ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সম্মেলন ঝিনাইদহে যাওয়ার পথে ট্রাকচালকের সঙ্গে আওয়ামী লীগ কর্মীদের মধ্যে কথা কাটাকাটি হয়। এর প্রেক্ষিতে ট্রাকের যাত্রীরা ট্রাকের কাঁচ ভেঙে দেয়। মঙ্গলবার সকালে আবারও এ নিয়ে ইউনিয়নের দলিলপুর গ্রামের আওয়ামী লীগ নেতা নায়েব আলী ও শিতালী গ্রামের আওয়ামী লীগ নেতা লাল্টু জোয়ার্দ্দারের সমর্থকদের মাঝে কথা কাটাকাটি হয়।

এরই জের ধরে শিতালী বাজারে উভয় পক্ষের লোকজন ঢাল সরকি রামদা, লাঠিসোটা ও ইটপাটকেল নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। এতে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তিন রাউন্ড সাউন্ড গ্রেনেড ছুঁড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

আহতদের উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এলাকায় উত্তেজনা থাকায় পুলিশ মোতায়েন আছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলাম বলেন, আমরা ঘটনাস্থলে গিয়ে উভয়পক্ষকে ছত্রভঙ্গ করে দিয়েছি। পরিস্থিতি এখন স্বাভাবিক রয়েছে।

হরিণাকুন্ডুতে বীর মুক্তিযোদ্ধা রইস উদ্দীন

খলিফাকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বীর মুক্তিযোদ্ধা রইস উদ্দীন খলিফা (৯৩)’র লাশ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

সোমবার দুপুর ২টায় উপজেলার গুড়পাড়া ভাতুড়িয়া গ্রামের জামে মসজিদ মাঠে জানাজার নামাজ এবং দাফন সম্পন্ন করা হয়।
জানাজায় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক মেয়র সাইদুল করিম মিন্টু। জানাজা শুরুর আগে তাঁকে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ডঅফ অর্নার প্রদান করা হয়।



smart

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, শৈলকূপা উপজেলা চেয়ারম্যান আব্দুল হাকিম, জেলা আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক আনিচুর রহমান খোকা, মহেশপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাজ্জাদ হোসেন, ঝিনাইদহ জেলা আাইনজীবী সমিতির সভাপতি রবিউল ইসলাম, সাধারণ সম্পাদক সামছুজ্জামান লাকী, পিপি ইসমাইল হোসেন, হরিণাকুন্ডু উপজেলার সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার রেজাউল করিম গেন্দা। কাপাশহাটীয়া ইউনিয়নের চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু, সাগান্না ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোজাম্মেল হোসেন, দৌলতপুর ইউনিয়নের চেয়ারম্যান আবুল কালাম আজাদসহ জেলা উপজেলা পর্যায়ের বীরমুক্তিযোদ্ধা ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

বীর মুক্তিযোদ্ধা রইস উদ্দীন ঝিনাইদহ জেলা আওয়ামী যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড. সালমা ইয়াসমিনের পিতা।

বীর মুক্তিযোদ্ধা রইস উদ্দীনের কফিনে রাষ্ট্রের পক্ষে গার্ড অফ অর্নার প্রদান করেন হরিণাকুন্ডু উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তানভীর আহমদ।

মৃত্যু কালে তিনি স্ত্রী, তিন কন্যা এবং এক পুত্রসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

হাওয়া ভবন ফিরে পেতে বিএনপি’র আন্দোলন-ওবায়াদুল কাদের

আওয়ামী লীগের উন্নয়ন দেখে বিএনপির গায়ে জালা, ঢাকার মেট্টো রেল এলিভেটেড এক্◌্রপ্রেস ওয়ে, পদ্মা সেতুসহ ১০০টি সেতু, চট্রগামে বঙ্গবন্ধু টানেলসহ শেখ হাসিনার উন্নয়ন দেখে ফকরুলরা অন্তর জ্বালায় মরছে। ওয়ান ইলেভেনের আগের সেই ময়ুর সিংহাসন হাওয়া ভবন ফিরে পেতে বিএনপি এই আন্দোলন করছে ঝিনাইদহের জনসভায় প্রধান অতিথির ভাষণে ওবায়দুল কাদের এসব কথা বলেন। বিএনপি চাঁদাবাজী করে তিনদিন আগে থেকে কাঁথা বিাালশ নিয়ে সমাবেশ করছে এসব করে কোন লাভ হবেনা, তাদের বিরুদ্ধে “খেলা হবে” বলেও তিনি উল্লেখ করেন।

রবিবার (১৩নভেম্বর) ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের ত্রীবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দলের সাধারণ সম্পাদক. সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের, এমপি।

সকালে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডের মাঠে এই সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন আ’লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ হনিফ। বিশেষ অতিথি হিসেবে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দীন নাছিম ও প্রধান বক্তা হিসেবে আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক বক্তব্য রাখেন।



smart

এছাড়া বিশেষ অতিথি হিসেবে দলের কার্যনির্বাহী কমিটির সদস্য এ্যাড. আমিরুল আলম মিলন, এমপি, পারভীন জামান কল্পনা ও গ্লোরিয়া সরকার, এমপি, ঝিনাইদহ-২ আসনের তাহজীব আলম সিদ্দিকী এমপি, ঝিনাইদহ
- ৩ আসনের শফিকুল ইসলাম চঞ্চল এমপি, ঝিনাইদহ-৪ আসনের আনোয়ারুল আজিম আনার এমপি, খালেদা খানম এমপি, সাবেক এমপি শফিকুল ইসলাম অপুসহ অন্যান্য নেতৃবৃন্দ। সমাবেশের সভাপত্বিত করেন ঝিনাইদহ-১

আসনের এমপি ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এবং সঞ্চালনায় ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

সকাল ৭টা থেকেই সমাবেশে আসতে থাকে জেলার বিভিন্ন প্রান্ত থেকে নেতা কর্মীরা। ১০টা হতে না হতেই কানাই কানাই পূর্ণ হয়ে উঠে সমাবেশ স্থল। শহরের গুরুত্বপূণ সড়ক মিছিলে মিছিলে সরব হয়ে উঠে। দুর পাল্লার কোন গাড়ি শহেও ডুকতে পারেনি।

সমাবেশ শেষে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এমপি ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের কমিটি ঘোষণা করেন। বিগত কমিটির সভাপতি আব্দুল হাই এমপি এবং সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু কে পুনরায় সভাপতি এবং সাধারণ সম্পাদক নির্বাচিত করেন।

উল্লেখ সর্বশেষ ২০১৫ সালের ২৫মার্চ জেলার ওয়াজির আলী স্কুল মাঠে জেলা সম্মেলন এবং কমিটি ঘোষিত হয়েছিল।

কোটচাঁদপুরে মিথ্যা সংবাদ প্রকাশ করায় ভুক্তভোগীদের সংবাদ সন্মেলন

বিভিন্ন আঞ্চলিক পত্রিকা ও সামাজিক যোগাযোগ মাধ্যমে গত মঙ্গলবার মিথ্যা সংবাদ প্রকাশ,ড্রাগন গাছ কাটা ও ফল চুরির অপবাদের প্রতিবাদ জানিয়ে সংবাদ সম্মেলন করেছেন ভুক্তভোগির পিতা আমিরুল ইসলাম ।

বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর রিপোটার্স ইউনিটিতে এ সংবাদ সম্মেলন করেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন ভুক্তভোগী ইমরান হোসেন(১৫) রাজন হোসেন(১৭) সাব্বির হোসেন(১৫)আব্দুর রহিম (১৬)।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, ইমরানের পিতা আমিরুল ইসলাম। তিনি বলেন,গেত ১/৯/২২ তারিখে আমার ছেলে ইমরান হোসেন মহেশপুর উপজেলার আজমপুর ইউনিয়নের আলমপুর গ্রামে বেড়াতে যান। ওইদিন সন্ধ্যা রাতে আমার ছেলে ইমরান হোসেন,বন্ধু রাজন

হোসেন,সাব্বির হোসেন, আব্দুর রহিম পাশের বিজিবি সদস্য কামাল হোসেনের ড্রাগন বাগানে যায়।

বাগান থেকে তারা দুইটি ড্রাগন ফল তোলেন। এ ঘটনা বাগান মালিক বিজিবি সদস্য দেখে ফেলে, তাদেরকে ধাওয়া করেন। ধাওয়া খেয়ে ইমরানের বন্ধুরা সবাই পালিয়ে যায়। ধরা পড়েন ইমরান হোসেন। এরপর কামাল হোসেন তাকে নিয়ে গিয়ে ড্রাগন বাগানের ঘরের খুটির সঙ্গে বেধে রেখে,সারারাত নির্তাযন করেন।

ধারালো অস্ত্র কাচি দিয়ে কোপমেরে কেটে দেন ইমরানের পিটের মাংশ। এতে করে সারারাত তাঁর রক্তক্ষরন হয়।

আমিরুল বলেন,বাগান মালিক কামাল হোসেনের নির্যাতন ও রক্তক্ষরনে সে ভোরের দিকে অচেতন হয়ে পড়েন। এ সময় কামাল অবস্থার বে-গতিক দেখে পল্লী চিকিৎসক ডেকে এনে ইমরানকে প্রাথমিক চিকিৎসা করান।

পরে ওই পল্লী চিকিৎসকের মাধ্যমে আমার ভাগ্নে খবর পান। সে ঘটনাস্থলে গিয়ে মুচলিকা দিয়ে আমার ছেলেকে, তাঁর হাত থেকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করান।

খবর পেয়ে আমি স্বাস্থ্য কমপ্লেক্সে যায়। চিকিৎসার খোজ খবর নিয়ে, ঝিনাইদহ আদালতে একটা মামলা দায়ের করি। কোর্ট মামলা তদন্ত করার জন্য পাঠানো হয় মহেশপুর থানায়। থানার অফিসার ইনর্চাজ মামলা তদন্ত করার দায়িত্ব দেন উপপরিদর্শক (এসআই) রেজাউল ইসলামের উপর।

তিনি বলেন, কয়েক দিন আগে কামাল হোসেনের বাগান থেকে ড্রাগন চুরি ও গাছ কাটার ঘটনা ঘটে। ওই ঘটনায় তিনি মহেশপুর থানায় জিডি ও করেছেন। জিডিতে তিনি কে বা কাহারা উল্লেখ করলেও সাংবাদিকদের কাছে আমার ছেলে সহ তাঁর বন্ধুদের নামে সাংবাদিকদের কাছে মিথ্যা তথ্য দিয়ে সংবাদ প্রকাশ করিয়েছেন।

তাতে ফল চুরি ও ড্রাগন গাছ কাটার অভিযোগ করা হয়েছে আমার ছেলে সহ বন্ধুদের বিরুদ্ধে। তিনি পত্রিকায় এ ধরনের সংবাদ প্রকাশ করিয়ে, তাঁর বিরুদ্ধে করা মামলাটি ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা করছেন। আমি প্রকাশিত সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি এ সংবাদ সম্মেলনের মাধ্যমে। সাথে সাথে সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের হস্তক্ষেপ কামনা করছি। তারা যেন বিষয়টি সুষ্টু তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহন করেন এবাং প্রকৃত দোষীদের চিহিৃত করে আইনের আওতায় আনেন।

এ ব্যাপারে বিজিবি সদস্য কামাল হোসেন বলেন,আমার মাঠে ৫/৬ বিঘা ড্রাগনের চাষ আছে। প্রতিনিয়ত বাগান থেকে ফল চুরি হয়ে যায়। ওইদিন আমি বাড়িতে ছিলাম। রাতে ড্রাগন বাগান পাহারায় যায়। রাত তখন ২ টা বাজে। ৫/৭ আমার বাগানের পাশে এসে গালি দিতে থাকে। এ সময় আমি ভয়ে পাহারা দেয়া ঘর ছেড়ে দুরে চলে যায়। আমি ভাবছিলাম যদি চোর হয়,তাহলে বাগানে ঢুকবে।

আর যদি আমাকে মারতে আসে, তাহলে আমার পিছনে ধাওয়া করবে। দুর থেকে দেখি তারা বাগানে ঢুকে ফল তুলছে। এ সময় আমি তাদের ধাওয়া দিই।ধাওয়া খেয়ে সবাই পালিয়ে যায়। ধরে ফেলি ইমরান নামের ওই ছেলেটি। ধরার সময় তাঁর পিঠে কিসে কেটে গেছে আমি জানিনা।পরে জানতে পারি কেটে গেছে। তিনি কাচি দিয়ে কোপ মারা কথা ও অস্বীকার করেন। সম্প্রতি ওই বাগান থেকে আবারও ফল চুরির ঘটনা ঘটেছে। কেটে দিয়েছেন ড্রাগন গাছ।

আমি ওই সময় চাকুরিতে থাকায় আমার মা মহেশপুর থানায় জিডি করেন। তবে আমার ধারনা তারা ছাড়া এমন ক্ষতি আমার কেউ করবে না।

কোটচাঁদপুরে ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্ভোধন

উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ ‘ এ শ্লোগানে কোটচাঁদপুরে ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্ভোধন করা হয়েছে। বুধবার সকালে উপজেলা সম্মেলন কক্ষে এ মেলার উদ্ভোধন করা হয়।

উদ্ভোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, সহকারি কমিশনার(ভুমি) নিরুপমা রায়, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার বিশ্বাস, কৃষি কর্মকর্তা মহাসিন আলী,

সমাজসেবা কর্মকর্তা জহুরুল ইসলাম,পল্লী উন্নয়ন কর্মকর্তা সেলিম রেজা,পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা চম্পা অধিকার।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলার বিভিন্ন স্কুল কলেজের ছাত্র/ছাত্রীরা। উদ্ভাবনী মেলায় ২২ টি স্টোল স্থান পেয়েছেন। এর আগে উপজেলা চত্বর থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। পরে শোভাযাত্রাটি বিদ্যুৎ অফিস মোড়, বাজেবামনদহ তেল পাম্পের সামনে থেকে ঘুরে এসে উদ্ভোধনী মেলার আলোচনা সভায় মিলিত হন।

এরপর অতিথি বৃন্দরা স্টোল পরিদর্শন করেন। বিকালে পুরস্কার বিতরনের মধ্যদিয়ে মেলার সমাপ্তি হবেন বলে জানিয়েছেন নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। অনুষ্ঠান সঞ্চালনা করেন মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ শিলা বেগমের।

ঝিনাইদহে গণপ্রকৌশল দিবস পালিত

‘টেকসই উন্নয়নে-নবায়নযোগ্য জ্বালানী ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে গণপ্রকৌশল দিবস ও ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি)’র ৫২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আইডিইবি জেলা শাখার আয়োজনে বুধবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি শোভাযাত্রা বের করা হয়।

শোভাযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্র নাথ রায়, ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহারিয়ার জাহেদী হিজল, আইডিইবি জেলা শাখার সভাপতি ইয়াছিন আলী, সাধারণ সম্পাদক মুন্সী আবু জাফরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, দেশের উন্নয়নে নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার বাড়াতে প্রকৌশলীদের এগিয়ে আসার আহ্বান জানান।

[redacted]

[redacted]